



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার  
ভূমি অধিগ্রহণ শাখা- ০২  
[www.dccoxbazar.com](http://www.dccoxbazar.com)



স্মারক নং- ০৫.২০.২২০০.১১৮.০১.০০৩-০০৮(ক)

আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ  
তারিখ: ০৬, জুলাই, ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: কক্সবাজার জেলার মহেশখালী উপজেলার বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক প্রস্তাবিত এল এ ০৪/২০১৩-১৪ নং মামলার এ্যালাইনমেন্ট হতে বাদ পড়া ৯৬.৯৯৮ একর ভূমি নিয়ে এলএনজি ও কয়লা ভিত্তিক তাপ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের সম্ভাব্যতা যাচাই।

সূত্র: ০১। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর স্মারক নং ২৭.১১.০০০০.১০১.১৪.০২১.২১-৩৩ তারিখ: ০৪/০১/২০২১ খ্রি:  
০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মহোদয়ের ০৫/০৭/২০২১ খ্রি: তারিখের আদেশ।

উর্পযুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলার মহেশখালী উপজেলার বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক এলএনজি ও কয়লা ভিত্তিক তাপ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের জন্য প্রস্তাবিত এল এ ০৪/২০১৩-১৪ নং মামলার এ্যালাইনমেন্ট হতে বাদ পড়া ৯৬.৯৯৮ একর ভূমির অধিগ্রহণ ও দখল হস্তান্তরের জন্য প্রস্তাব দাখিল করা হয়েছে। প্রস্তাবিত ভূমি অধিগ্রহণের নিমিত্ত স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশাবলীর ৪ নং অনুচ্ছেদ মোতাবেক অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী, সহকারী কমিশনার (ভূমি), মহেশখালী, কক্সবাজার কর্তৃক আগামী ১৫.০৭.২০২১ খ্রি: বেলা ১০.০০ ঘটিকার সময় সরেজমিনে সম্ভাব্যতা যাচাই এর কার্যক্রম গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্টদের প্রস্তাবিত অধিগ্রহণ সম্পৃক্ত স্থানে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

দীপংকর তালুকদার  
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা-০২  
কক্সবাজার

বিতরণ: সদয় কার্যার্থে

- ১। সচিব, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কক্সবাজার
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী, কক্সবাজার
- ৪। সহকারী কমিশনার (ভূমি), মহেশখালী কক্সবাজার
- ৫। জেলা প্রশাসক মহোদয়ের গোপনীয় সহকারী, জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য
- ৬। অফিস কপি